**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মেয়র দীপক মজুমদার আজ আগরতলা পুর নিগমের ২০২৫-২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন।**

**(২) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস ঊনকোটি জেলার রাতাছড়ায় আজ "আয়ুষ্মান ভারত -স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্রের নবনির্মিত ভবনের দ্বারোদঘাটন করেন ।**

**(৩) জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার বিষয়ে নতুনদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে আজ নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভার কমিটির বৈঠক বসেছে ।**

**(৪) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেছেন যে পহেলগাম হামলার অপরাধীদের শীঘ্রই জোরালো এবং স্পষ্ট জবাব দেয়া হবে ।**

*********************************************

**AMC-Budget :**

মেয়র দীপক মজুমদার আজ আগরতলা পুর নিগমের ২০২৫-২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন। প্রস্তাবিত বাজেটে ব্যয় ধরা হয়েছে ৪৭৬ কোটি ৫৫ লক্ষ টাকা। সম্ভাব্য আয় ৪৭৫ কোটি ৮৩ লক্ষ টাকা। ঘাটতি ধরা হয়েছে বাহাত্তর লক্ষ দুই হাজার টাকা। মেয়র শ্রী মজুমদার জানান, গত বছরের তুলনায় চলতি অর্থবছরে প্রস্তাবিত আয় ৫৯ কোটি ছিয়াশি লক্ষ টাকা এবং ব্যয় ঊনষাট কোটি একাশি লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। আগরতলা পুর নিগমের নিজস্ব আয় ও সরকারী অনুদানপ্রাপ্তির মাধ্যমে ঘাটতি পূরণ করা হবে। বাজেটে বেশ কিছু নতুন প্রকল্প প্রস্তাব করা হয়েছে। উল্লেখ্যযোগ্য প্রকল্পগুলি হল বন্যা নিয়ন্ত্রণের লক্ষে শহরের শকুন্তলা

রোড, রামনগর ৪ নম্বর রাস্তা এবং সৎসঙ্গ আশ্রম এলাকায় ২৮ কোটি টাকা ব্যয়ে তিনটি নতুন পাম্প হাউস নির্মান করা হবে। শহরের ৩টি শ্মশানে ৩ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয়ে বৈদ্যুতিক চুল্লি বসানো হবে। আগরতলা শহরে শিব বাড়ি, প্রতাপগড় ঋষি কলোনী, অভয়নগর বাজার, অভয়নগর ভেটেরেনারী হাসপাতাল সংলগ্ন জলাশয় ও রাধানগর পুকুর সৌন্দর্যায়ন এবং পুনঃনির্মানের লক্ষে ১৭ কোটি টাকা ব্যয় করা হবে।

মেয়র শ্রী মজুমদার জানান, রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আই জি এম হাসপাতালের চাপ কমানোর লক্ষ্যে ১০ কোটি টাকা ব্যয়ে আগরতলার জেকশান গেইটে পুর নিগমের নিজস্ব জমিতে ৫০ শয্যা বিশিষ্ট 'আগরতলা সিভিল হসপিট্যাল' চালু করার পরিকল্পনা করা হয়েছে। এরজন্য বাজেটে ১০ কোটি টাকা সংস্থান রাখা হয়েছে। প্রস্তাবিত হাসপাতালটিতে ২৪ ঘন্টা ও.পি.ডি পরিষেবা প্রদানের ব্যবস্থা থাকবে। রাজ্য সরকার আগরতলা পুর এলাকায় জিবি বাজার, বটতলা বাজার, আখাউড়া গোল চক্কর ও লেক চৌমুহনী বাজারে নতুন পাকা বাড়ী নির্মানের সিদ্ধান্ত নিয়েছে।

তিনি আরো জানান, আগরতলা পুর নিগম এলাকার পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্ক ১২০০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদানের আশ্বাস দিয়েছে, যার মাধ্যমে রাস্তা, গলি, ড্রেন, কালর্ভাট ইত্যাদি নির্মানের ব্যাপক উদ্যোগ নেওয়া হয়েছে।

*************************

**ARDD Minister :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস ঊনকোটি জেলার ফটিকরায়ের পূর্ব রাতাছড়ায় আজ "আয়ুষ্মান ভারত –স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র" এর নবনির্মিত ভবনের দ্বারোদঘাটন করেন। এটি নির্মাণে ব্যয় হয়েছে, ২৬ লক্ষ ৯ হাজার ৬৮৩ টাকা। উদ্বোধকের ভাষনে তিনি বলেন, স্বাস্থ্যক্ষেত্রকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সরকার কাজ করছে। মানুষের সুস্থতার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা, রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার কথা তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাশ।

****************************

**Tourism Minister :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ জিরানিয়ায় শচীন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতের কাঁঠালতলীতে পশু সম্পদ মেলার উদ্বোধন করেন। জাতীয় প্রানীসম্পদ মিশনের কর্মসূচীর অঙ্গ হিসেবে এই মেলার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে কৃষকদের হাতে বিভিন্ন কৃষি সামগ্রী তুলে দেওয়া হয়।

**************************

**National Panchayat Awards 2025 :**

আগামীকাল জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বিহারের মধুবনি জেলার ঝাঞ্জারপুর ব্লকের লোহনা উত্তর গ্রাম পঞ্চায়েতে এক অনুষ্ঠান থেকে সারা দেশে পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান এবং গ্রাম সভাগুলিতে ভাষণ দেবেন। পাশাপাশি 'জাতীয় পঞ্চায়েত পুরস্কার ২০২৫' পুরস্কার প্রদান করবেন।

****************************

**Ganganagar Block :**

ধলাই জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ আজ আকাশবাণীকে জানিয়েছেন, গঙ্গানগর ব্লক স্বাস্থ্য ও পুষ্টি ক্ষেত্রে বিরাট সাফল্য অর্জন করেছে। গত ২১ এপ্রিল গঙ্গানগর ব্লককে প্রধানমন্ত্রী এক্সিলেন্স পুরস্কার দেওয়া হয়। শ্রী ওয়াহিদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হাত থেকে এই পুরস্কার গ্রহন করেছেন। তিনি আকাশবাণীকে জানান, ধলাইয়ের গঙ্গানগর ব্লকের এই সাফল্য ত্রিপুরায় গর্বের মুহূর্ত এনে দিয়েছে। স্বাস্থ্য ও পুষ্টি, সমাজকল্যাণ, মৌলিক পরিকাঠামো, শিক্ষা, কৃষির মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে দ্রুত উন্নতি করেছে এই ব্লক। তিনি জানান, এই ব্লকে উত্তর-পূর্ব পরিষদের অর্থায়নে বিদ্যুত থেকে বঞ্চিত পরিবারগুলিতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য মাইক্রো গ্রিড

স্থাপন করা হয়েছে। আকাশবাণীকে তিনি জানান, স্বাস্থ্য পরিষেবা পুষ্টির ক্ষেত্রে গঙ্গানগর ব্লক বর্তমানে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে শীর্ষ স্থানে রয়েছে।

#######Byte-Saju Wahid ########

******************************

**Joint Entrance Exam :**

ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন পরিচালিত এ বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়েছে। মোট ১৫টি কেন্দ্রে পরীক্ষার্থী ছিল ৫ হাজার ২৯৬ জন।

*************************

**Bal Vivah Mukta Bharat 2025 :**

বাল্যবিবাহের সঙ্গে স্বাস্থ্য ঝুঁকি নিয়ে আজ দক্ষিন জেলার তৈকর্ম দ্বাদশ স্কুলে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন মধ্য কাঁঠালিয়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার কঙ্কনা চক্রবর্তী ও স্কুলের প্রধান শিক্ষক থরেন্দ্র রিয়াং।

***************************

**One Nation, One Election :**

বিজেপির পাবিয়াছড়া মন্ডল কমিটির উদ্যোগে আজ কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে "এক দেশ, এক নির্বাচন" বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, Amit Shah :**

জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার বিষয়ে নতুনদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে আজ নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভার কমিটির বৈঠক বসেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এবং অন্যান্যরা উপস্থিত রয়েছেন। বৈঠকে নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে দক্ষিণ কাশ্মীরের অনন্তনাগ জেলার পহেলগামে সন্ত্রাসী হামলায় প্রতিটি ভারতীয় তাদের প্রিয়জনদের হারানোর বেদনা অনুভব করে। তিনি এই সমস্ত পরিবার এবং সমগ্র দেশকে আশ্বস্ত করেছেন যে নিরীহ মানুষকে হত্যাকারী এই সন্ত্রাসীদের কোনভাবেই রেহাই দেওয়া হবে না। স্বরাষ্ট্রমন্ত্রী নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। তিনি শ্রীনগরের পুলিশ কন্ট্রোল রুমে নিহতদের মরদেহে পুষ্পস্তবক অর্পণ করেন। শ্রী শাহ বলেন, দেশ সন্ত্রাসের কাছে নতি স্বীকার করবে না। উল্লেখ্য, গতকালের পহেলগাম হামলায় ২৬ জন পর্যটক নিহত হন এবং বেশ কয়েকজন আহত হন।

পুলিশ ও গোয়েন্দা সংস্থাগুলি তিনজন হামলাকারীর স্কেচ প্রকাশ করেছে। জাতীয় তদন্ত সংস্থার একটি বিশেষ দল ইতিমধ্যেই সন্ত্রাসী হামলার তদন্তের দায়িত্ব নিয়েছে।

গত সন্ধ্যায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীনগরে পৌঁছে রাজভবনে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করেন।

এদিকে জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলার তাংমার্গ অঞ্চলে উগ্রবাদী ও নিরাপত্তা রক্ষীদের মধ্যে গুলিবিনিময় শুরু হয়েছে। এখনো বিস্তারিত খবর পাওয়া যায়নি।

*******************************

**J & K :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেছেন যে পহেলগাম হামলার অপরাধীদের শীঘ্রই জোরালো এবং স্পষ্ট জবাব দেয়া হবে। নতুনদিল্লিতে ভারতীয় বিমান বাহিনীর মার্শাল অর্জন সিং-এর উপর এক স্মারক বক্তৃতায় ভাষণ দিতে গিয়ে শ্রী সিং সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের শূন্য-সহনশীলতা নীতি পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেছেন যে সরকার পহেলগাম হামলার জন্য দায়ীদের উপযুক্ত জবাব দিতে সমস্ত প্রচেষ্টা চালাবে।

#####Byte-Rajnath Sing#####

***************************

**J&K CONDEMNS :**

জম্মু কাশ্মীরে সন্ত্রাসবাদী ঘটনার কঠোর নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। আজ আগরতলার সহকারী হাইকমিশন কার্যালয় থেকে জানানো হয়, সেদেশের পররাষ্ট্র মন্ত্রনালয় থেকে এক বিবৃতিতে বলা হয়, এই ঘটনায় নিহতদের শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি বাংলাদেশ গভীর সমবেদনা জানিয়েছে।

***************************

**Condolense :**

মার্কিন যুক্তরাষ্ট্রের উপরাষ্ট্রপতি জেডি ভ্যান্স গতকাল পাহলগামে সংঘটিত সন্ত্রাসী হামলার নিন্দা করেছেন। আজ আগ্রায় সাংবাদিকদের সাথে মতবিনিময়ের সময় তিনি শোক প্রকাশ করে বলেন যে মার্কিন যুক্তরাষ্ট্র ভারতকে সবরকমের সাহায্য করবে। তিনি সন্ত্রাসী হামলায় নিহত ও আহতদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

******************************

**Reaction CM & Opposition Leader :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী কাশ্মীরের পেহেলগামে পর্যটকদের উপর সন্ত্রাসবাদী হামলার নিন্দা জানিয়েছেন। তারা নিহতদের পরিবারদের প্রতি সমবেদনা জানিয়েছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

**************************

**Condolence Rally–Sabroom :**

জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসবাদী হামলায় নিহত পর্যটকদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও তাদের পরিজনদের সমবেদনা জানিয়ে আজ সিপিআইএমের সাব্রুম মহকুমা কমিটির উদ্যোগে সাব্রুম শহরে মৌন মিছিল করা হয়।

***************************************************

**Under 15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেটে আজ ছয়টি খেলা অনুষ্ঠিত হয়। কৈলাসহরের অনুষ্ঠিত খেলায় ধর্মনগর ১ উইকেটে তেলিয়ামুড়াকে, উদয়পুরের মাঠে সোনামুড়া ৬ উইকেটে বিশালগড়কে, তেলিয়ামুড়ার মাঠে আমবাসা ৬২ রানে জিরানীয়াকে, ধর্মনগরে অনুষ্ঠিত খেলায় লংতরাইভ্যালী ১০৭ রানে কৈলাসহরকে, সাব্রুমে শান্তিরবাজার ৬ উইকেটে সাব্রুমকে এবং শান্তিরবাজারের মাঠে উদয়পুর ৭২ রানে বিলোনীয়াকে পরাজিত করে।

*******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং ঊনকোটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া পশ্চিম জেলা ধলাই ও খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************